


জীবন বিজ্ঞান দশম শ্রেণি

ভাবমূল : জীবনের প্রবাহমানতা

উপ-ভাবমূল : জনন

1. স্পাইরোগাইরার অযৌন জনন কীভাবে ঘটে?

- উঃ
- স্পাইরোগাইরা একটি সূত্রাকৃতি শৈবাল যা একটি কোশপ্রাচীর বেষ্টিত কয়েকটি কোশ দ্বারা গঠিত।
 - স্পাইরোগাইরার সূত্রাকৃতি দেহ জলজ পরিবেশে (নদী/জলাশয়) কোনো পাথর বা অন্য কোনো বস্তুর সঙ্গে সংলগ্ন থাকে।
 - স্রোতের প্রভাবে বা অন্য কোনো প্রাণীর গমনে সৃষ্ট তরঙ্গের প্রভাবে সূত্রাকৃতি দেহের কোনো সম্পূর্ণ কোশ, দেহ থেকে বিচ্ছিন্ন হয়ে, স্রোতবাহিত হয়ে অন্য কোনো বস্তুর সঙ্গে আবদ্ধ হয় এবং ক্রমশ নতুন সূত্রাকৃতি স্পাইরোগাইরা উৎপন্ন করে। এই পদ্ধতিকে খণ্ডীভবন বলে।



স্পাইরোগাইরার খণ্ডীভবন

2. অযৌন জননের সুবিধা ও অসুবিধা উল্লেখ করো।

- উঃ সুবিধা :
- একটিমাত্র জনিতৃ জীবের প্রয়োজন হয়।
 - অপেক্ষাকৃত সরল ও নিশ্চিত পদ্ধতি।
 - উৎপন্ন অপত্যে জনিতৃ জীবের জিনগত বিশুদ্ধতা বজায় থাকে।
- অসুবিধা :
- গ্যামেট উৎপন্ন হয় না; ক্রশিং ওভার না হওয়ায় উৎপন্ন অপত্যে প্রকরণ ঘটে না, ফলে বিবর্তনের সম্ভাবনা কম।
 - অপত্যগুলির রোগ-প্রতিরোধ ক্ষমতা কম হয় ও দুর্বল প্রকৃতির হয়।